গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০০৪.২৫-২১৪

তারিখঃ ১০ চৈত্র ১৪৩২ / ২৪ মার্চ ২০২৬

বিষয়ঃ এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণ কর্তৃক নির্বাচিত বাংলাদেশ জাতীয়তাবাদী দল-এর নির্বাচনী ইশতেহার অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগভিত্তিক ১৮০ দিন, আগামী ২০২৬-২৭ অর্থবছর এবং আগামী ০৫ বছরের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-৩৮ তারিখ: ০৭ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের নির্বাচনী ইশতেহার ২০২৬ এর অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবেই নির্বাচনী ইশতেহার অনুসারে কর্মপরিকল্পনা জরুরিভিত্তিতে গ্রহণ করতে হবে। কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত নির্বাচনী ইশতেহার বিস্তারিত পর্যালোচনান্তে নির্বাচনী প্রতিশ্রুতিগুলো এবং বাস্তবায়ন কর্মকৌশল জরুরি ভিত্তিতে সংযুক্ত ছক মোতাবেক প্রয়োজনীয় তথ্য আগামী তিন (০৩) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা

২৪.০৩.২৬

মো: মোশারেফ হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

পরিচালক
স্থানীয় সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০০৪.২৫-২১৪

তারিখঃ ১০ চৈত্র ১৪৩২ / ২৪ মার্চ ২০২৬

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. অতিরিক্ত সচিব (পৌরসভা অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. জেলা প্রশাসক, .................. (সকল)
৫. প্রশাসক, .......... পৌরসভা (সকল) **[তথ্যসমূহ জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগের পরিচালক, স্থানীয় সরকার বরাবর প্রেরণ নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হলো]**
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. অফিস কপি

২৪.০৩.২৬

মো: মোশারেফ হোসেন
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৬৬.৯৯.০০০১.২৫(অংশ-১)-৬৮ তারিখ ২২ ফাল্গুন ১৪৩২
৭ মার্চ ২০২৬

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণ কর্তৃক নির্বাচিত বাংলাদেশ জাতীয়তাবাদী দল-এর নির্বাচনী ইশতেহার অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগভিত্তিক ১৮০ দিন, আগামী ২০২৬-২৭ অর্থবছর এবং আগামী ৫ বছরের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, গত ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের নেতৃত্বাধীন জোট সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়ে সরকার গঠন করেছে। নির্বাচনের পূর্বে প্রণীত বাংলাদেশ জাতীয়তাবাদী দল-এর নির্বাচনী ইশতেহার এখন জাতীয় প্রতিশ্রুতিতে পরিণত হয়েছে। ইশতেহার বাস্তবায়নে সরকার সম্পূর্ণরূপে অঙ্গীকারাবদ্ধ। অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবেই সকল মন্ত্রণালয়/ বিভাগকে নির্বাচনী ইশতেহার অনুসারে তাদের কর্মপরিকল্পনা জরুরিভিত্তিতে গ্রহণ করতে হবে। কর্মপরিকল্পনা তৈরির সময় নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:

ক) নির্বাচনী ইশতেহারের যে প্রতিশ্রুতিগুলো মন্ত্রণালয়/বিভাগের সাথে সম্পৃক্ত বা সামঞ্জস্যপূর্ণ তার সম্পূর্ণ তালিকা তৈরি করতে হবে এবং বছরভিত্তিক বাস্তবায়ন কর্মকৌশল প্রণয়ন করতে হবে।

খ) যে প্রতিশ্রুতিগুলো সরকারের প্রথম ১৮০ দিনে বাস্তবায়নযোগ্য তার তালিকা প্রস্তুত করতে হবে। তালিকাভুক্ত প্রতিশ্রুতিগুলোর যতটুকু চলতি ২০২৫-২৬ অর্থবছরে (১২০ দিন) এবং আগামী ২০২৬-২৭ অর্থবছরের প্রথম ৬০ দিনে বাস্তবায়নযোগ্য তা আলাদা করে উপস্থাপন করতে হবে।

গ) আগামী ২০২৬-২৭ অর্থবছরে যে প্রতিশ্রুতিগুলো বাস্তবায়ন করা হবে তার তালিকা এবং বাস্তবায়ন কর্মকৌশল প্রস্তুত করতে হবে।

ঘ) আগামী ৫ বছরে মন্ত্রণালয়/বিভাগের সকল প্রতিশ্রুতিগুলো অর্জনে রাজস্ব বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে উন্নয়ন প্রকল্প প্রস্তুত করতে হবে। এ বিষয়ে বিস্তারিত পরিকল্পনা উপস্থাপন করতে হবে। চলমান প্রকল্প এবং কর্মসূচির প্রয়োজনীয় পুনর্গঠন করতে হবে।

০২। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগকে নির্বাচনী ইশতেহার বিস্তারিত পর্যালোচনান্তে স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগের সরকারের নির্বাচনী প্রতিশ্রুতিগুলো এবং বাস্তবায়ন কর্মকৌশল জরুরিভিত্তিতে প্রস্তুত করে সংযুক্ত ছকে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী তিন দিনের মধ্যে প্রেরণ করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৭/০৩/২০২৬

মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
মহাপরিচালক (প্রশাসন)
টেলিফোন: ০২-৫৫০২৯৫০০
ইমেইল: dg4@pmo.gov.bd

**বিতরণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব/ সচিব..............................(সকল)

**অনুলিপি:**

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. জনপ্রশাসন উপদেষ্টা/ অর্থ ও পরিকল্পনা উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. অফিস কপি

## মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশিত ১৮০ দিনের কর্মসূচি এবং নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ-এর কর্মপরিকল্পনা

মন্ত্রণালয়/ বিভাগের নামঃ

**১. মন্ত্রণালয়/ বিভাগের আওতাধীন নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতিশ্রুতিসমূহঃ**

**২. ১৮০ দিনের কর্মসূচি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ-এর কার্যক্রম:**

**ক) কার্যক্রমের বিবরণ:**

| ক্রমিক নং | ইশতেহারে বর্ণিত প্রতিশ্রুতি | বাস্তবায়ন কর্মকৌশল | ফলাফল নির্দেশক (output indicator) | নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে কিভাবে ভূমিকা রাখবে সে সংক্রান্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ... | | | | |

**খ) প্রয়োজনীয় বরাদ্দ ও অর্থায়ন পরিকল্পনা:**

| ক্রমিক নং | প্রতিশ্রুতির বর্ণনা | চলতি অর্থবছরের (২০২৫-২৬) শেষ ৪ মাসে (মার্চ-জুন) প্রয়োজনীয় বরাদ্দ (কোটি টাকা) | আগামী অর্থবছরের (২০২৬-২৭) প্রথম দুই মাসে (জুলাই-আগস্ট) প্রয়োজনীয় বরাদ্দ (কোটি টাকা) | প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্পর্কে প্রস্তাবনা |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ... | | | | |

**৩. নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে আগামী অর্থবছরব্যাপী (২০২৬-২৭) মন্ত্রণালয়/বিভাগ-এর কর্মপরিকল্পনা:**

| ক্রমিক নং | প্রতিশ্রুতির বর্ণনা | বাস্তবায়ন কর্মকৌশল | ফলাফল নির্দেশক (output indicator) | নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে কিভাবে ভূমিকা রাখবে সে সংক্রান্ত বিবরণ | ২০২৬-২৭ অর্থবছরে প্রয়োজনীয় বরাদ্দের পরিমাণ (কোটি টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| ... | | | | | | |

৪. **নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে আগামী ৫ বছরে মন্ত্রণালয়/বিভাগ-এর কর্মপরিকল্পনা:**

| ক্রমিক নং | প্রতিশ্রুতির বর্ণনা | বাস্তবায়ন কর্মকৌশল | ফলাফল নির্দেশক (output indicator) | নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে কিভাবে ভূমিকা রাখবে সে সংক্রান্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ... | | | | | |